সমকাল

তারিখ 26 JAN 2018
পৃষ্ঠা ৩ কলাম ৮

# শিক্ষার্থীদের ওপর হামলায় ছাত্রলীগের বিচার দাবি

■ সমকাল প্রতিবেদক ও ঢাবি সংবাদদাতা

ঢাকা বিশ্ববিদ্যালয়ে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর ছাত্রলীগের হামলার বিচার চেয়ে পৃথক কর্মসূচি পালন করেছে বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগসহ বিভিন্ন সংগঠন। জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন তারা। এদিকে, আগামী ২৯ জানুয়ারি সারাদেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে সর্বাত্মক ছাত্র ধর্মঘট পালন করার আহ্বান জানিয়েছে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট।

বৃহস্পতিবার ক্যাম্পাসের অপরাজেয় বাংলার পাদদেশে মানববন্ধন করেন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষার্থীরা। ২৩ জানুয়ারি নিপীড়নবিরোধী শিক্ষার্থীর ব্যানারে আয়োজিত ঢাকা বিশ্ববিদ্যালয়ে উপাচার্যের কার্যালয় ঘেরাও কর্মসূচিতে এ বিভাগের শিক্ষার্থীরা আহত হয়েছেন উল্লেখ করে এ মানববন্ধনের আয়োজন করা হয়। হামলার প্রতিবাদে মুখে কালো কাপড় বেঁধে দোষীদের বিচারের দাবি জানিয়ে বিভাগের শিক্ষক-শিক্ষার্থী ও নিপীড়নবিরোধী শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

এতে সংহতি প্রকাশ করে বিভাগের অধ্যাপক ড. ফাহমিদুল হক বলেন, 'ছাত্রদের ওপর যে হামলা হয়েছে, এটা সরকারদলীয় ছাত্র সংগঠন করেছে। এটা অত্যন্ত নিন্দনীয়। সাধারণ শিক্ষার্থীরা দাবি নিয়ে আন্দোলন করেছে, এটা তাদের অধিকার। এটি ঢাবি প্রশাসন সামলাতে পারত।' এ রকম পরিস্থিতির জন্য তাদের ব্যর্থতাকে দায়ী করেন তিনি।

সাংবাদিকতা বিভাগের এই শিক্ষক বলেন, আন্দোলনকারী শিক্ষার্থীদের অপবাদ দেওয়া হয়েছিল, তারা নাকি পৃষ্ঠা ৪ : কলাম ৬

# শিক্ষার্থীদের ওপর হামলায়

[তৃতীয় পৃষ্ঠার পর]

বহিরাগত। কিন্তু আমি হাসপাতালে গিয়ে দেখেছি তারা সবাই আমার পরিচিত। যারা গত উপাচার্যের সময় এবং ডাকসু নিয়ে আন্দোলন করেছিল তারা বাম সন্ত্রাসী নয়। উপাচার্যকে লাঞ্ছিত করার হয়েছে এমন অভিযোগের বিষয়ে সাধারণ শিক্ষার্থীদের' ব্যানারে যে বিষয়ে আন্দোলন করা হচ্ছে, সেটাকে প্রহসন বলে মন্তব্য করেন তিনি।

সকাল ৯টায় শিক্ষার্থীদের ওপর ছাত্রলীগের হামলার ঘটনায় তাদের বহিষ্কারের দাবিতে টিএসসি থেকে কেন্দ্রীয় শহীদ মিনার পর্যন্ত বিক্ষোভ মিছিল করেছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদল।

এ সময় সংগঠনের ঢাবি শাখার সভাপতি আল মাহদী তালুকদার, সিনিয়র সহসভাপতি তানভীর রেজা রুবেল, সহসভাপতি সাজিদ হাসান বাবু, যুগ্ম সম্পাদক এমএম মহিন উদ্দিন রাজু, ইকবাল হোসেন শ্যামল, সাইফ মাহমুদ জুয়েল, তানজীল হাসান, সাংগঠনিক সম্পাদক শেখ আবু তাহের প্রমুখ উপস্থিত ছিলেন।

**সারাদেশে সর্বাত্মক ছাত্র ধর্মঘট**

ক্ষমতাসীন ছাত্র সংগঠনের সন্ত্রাস-দখলদারিত্বের প্রতিবাদে ২৯ জানুয়ারি সারাদেশে সব শিক্ষা প্রতিষ্ঠানে সর্বাত্মক ছাত্র ধর্মঘট পালনের আহ্বান জানিয়েছে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট।

সংগঠনের ৩৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে অপরাজেয় বাংলায় অনুষ্ঠিত সমাবেশে এ আহ্বান জানান তারা। সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট কেন্দ্রীয় কমিটির সভাপতি ইমরান হাবিব রুমনের সভাপতিত্বে, সাধারণ সম্পাদক নাসির উদ্দিন প্রিন্সের সঞ্চালনায় সমাবেশে বক্তব্য দেন সাংগঠনিক সম্পাদক রাশিব রহমান, দপ্তর সম্পাদক শ্যামল বর্মণ, অর্থ সম্পাদক রোখসানা আফরোজ আশা, স্কুল সম্পাদক সজৈল বাড়ৈ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মাসুক হেলাল অনিক, ঢাকা বিশ্ববিদ্যালয় সভাপতি আলমগীর হোসেন সুজন, ঢাকা নগরের সাধারণ সম্পাদক মুক্তা বাড়ৈ, ইডেন কলেজ সভাপতি নবীনা আক্তার, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সভাপতি এমএম মুজাহিদ অনিক, রিয়াজ মুহম্মদ প্রমুখ।